

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 16-02-2025**

**Time: 7-50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য দ্রুত জমি অধিগ্রহণের কাজ শুরু করছে রাজ্য সরকার।
- ২) নতুন দিল্লী রেল স্টেশনে প্রচল্লিত ভিড়ে পদপিষ্ট হওয়ার ঘটনায় চূড়ান্ত অব্যবস্থা, পরিচালন ব্যবস্থার ক্রটিকেই দায়ী করেছে তৃণমূল কংগ্রেস। শোক প্রকাশ মুখ্যমন্ত্রীর। সাধারণ মানুষকে আরও সতর্ক হওয়ার পরামর্শ বিজেপির।
- ৩) দেশকে শক্তিশালী করতে হিন্দু সমাজকে এক্যবন্ধ করার ওপর জোর দিয়েছেন আরএসএস-এর সরসংঘ চালক মোহন ভাগবত।
- ৪) পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে সেপটিক ট্যাঙ্ক পরিষ্কার করতে নেমে বিষাক্ত গ্যাসে মৃত্যু দুই শ্রমিকের।
- ৫) রাজ্য সরকার, চলতি বছরে হিমঘরে আলু মজুতের পরিমাণ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।
- ৬) আইএসএল ফুটবলে যুবভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টস-এর মুখোমুখি হয়েছে।

ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য সরকার দ্রুত জমি অধিগ্রহণের কাজ শুরু করবে বলে সেচ মন্ত্রী ডেন্টের মানস ভুইএওঁ জানিয়েছেন। এই কাজের জন্য যাতে জমির কোনো সমস্যা না হয়, সেজন্য মানুষকে বোঝানো হবে বলেও তিনি জানিয়েছেন।

### বাইট

আজ ঘাটালের টাউন হলে মাস্টার প্ল্যান রূপায়নের জন্য জেলা স্তরের তদারকি কমিটির একটি গুরুত্বপূর্ণ বৈঠক বসে। সেচ মন্ত্রী ছাড়াও ঘাটালের সাংসদ দীপক অধিকারী - দেব, জেলাশাসক, পুলিশ সুপার সহ আধিকারিকরা উপস্থিত ছিলেন। দেব বলেন,

### বাইট

উল্লেখ্য, রাজ্য বাজেটে ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য ৫০০ কোটি টাকা বরাদ্দ করেছে সরকার।

---

নতুন দিল্লি রেল স্টেশনে পদপিষ্ট হয়ে প্রাণহানির ঘটনায় দুঃখপ্রকাশ করেছেন বিজেপির রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার। কোনও ষড়যন্ত্র অথবা ভুয়ো তথ্য প্রচারের কারনেই এই দুর্ঘটনা কিনা, তা রেল মন্ত্রক তদন্ত করে দেখছে বলে সুকান্তবাবু জানিয়েছেন।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নতুন দিল্লী স্টেশনে গতকালের হঢ়েছড়ি এবং পদপিষ্ট হ্বার ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। উপযুক্ত পরিকল্পনা এবং নিরাপত্তা

ব্যবস্থাপনার অভাবের কারণেই এরকম ঘটনা বলে এক্স হ্যান্ডেলে তিনি উল্লেখ করেছেন। মুখ্যমন্ত্রী বলেন, মহাকুণ্ডের পুন্যার্থীদের জন্য ন্যূনতম সুযোগ সুবিধা থাকা প্রয়োজন। তাঁদের সফরও যাতে নিরাপদ এবং সুব্যবস্থিত হয় সেদিকেও নজর দেওয়া উচিত।

এদিকে দিল্লী রেল স্টেশনে পদপিষ্ট হবার ঘটনাকে লুকানোর চেষ্টা হয়েছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। একই সঙ্গে দলের তরফে রেলমন্ত্রী অশ্বিনী বৈঞ্জের পদত্যাগের দাবিও জানানো হয়েছে।

তৃণমূল কংগ্রেসের মুখ্যপাত্র কুনাল ঘোষ বলেন, চূড়ান্ত অব্যবস্থা, পরিচালন ব্যবস্থার ত্রুটির কারণেই এত বড় দুর্ঘটনা।

## বাইট

নতুন দিল্লীর ঘটনায় সাধারণ মানুষকেও সতর্ক হওয়ার পরামর্শ দিয়েছেন প্রবীণ বিজেপি নেতা প্রাক্তন সাংসাদ দিলীপ ঘোষ।

## বাইট

এদিকে আজ সন্ধ্যায় আসানসোল রেল স্টেশনে চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়। প্রয়াগরাজে যাওয়ার জন্য স্টেশনে যাত্রীদের ব্যাপক ভিড় ছিল। রেল পুলিশের পক্ষ থেকে স্টেশনে ঢোকার আগে দড়ি দিয়ে ব্যরিকেড করা হয়। মুসাই মেল আসানসোল স্টেশনে ঢুকলে প্রয়াগরাজগামী যাত্রীদের মধ্যে হড়েভুড়ি পড়ে যায়, চরম বিশৃঙ্খলার সৃষ্টি হয়। রেল পুলিশ অবশ্য পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রামে ভেকুটিয়ায় সেপটিক ট্যাঙ্ক পরিষ্কার করতে নেমে বিষাক্ত গ্যাসে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। অসুস্থ গৃহকর্তাও। জানা গেছে, ভেকুটিয়ার বাসিন্দা কানাই জানার বাড়িতে সেপটিক ট্যাঙ্ক পরিষ্কার করতে নেমেছিলেন দুই শ্রমিক মানস গিরি এবং মৃত্যুঞ্জয় জানা। ট্যাঙ্কের ভেতর কাজ করার সময় বিষাক্ত ঝাঁঝালো গ্যাসে তারা জ্ঞান হারান। দুজনকে উদ্ধার করতে নেমে অসুস্থ হয়ে পড়েন কানাই জানাও। পরিবারের লোকজন সংজ্ঞাহীন অবস্থায় তিনজনকে নন্দীগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে গেলে মানস গিরি এবং মৃত্যুঞ্জয় জানাকে মৃত বলে ঘোষণা করা হয়। হাসপাতালে চিকিৎসা চলছে গৃহকর্তা কানাই জানার।

উল্লেখ্য দিন কয়েক আগেই, লেদার কমপ্লেক্স থানার অন্তর্গত চর্মনগরীতে নালা পরিষ্কার করতে নেমে কলকাতা পুরসভার ঠিকাদার সংস্থার তিন শ্রমিকের মৃত্যু হয়। এই ঘটনায় সংস্থাটির মালিককেও গ্রেপ্তার করে পুলিশ। সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও উপযুক্ত সুরক্ষা ছাড়া ম্যানহোল সাফাইয়ের কাজে কিভাবে শ্রমিকদের নামানো হচ্ছে, তা নিয়ে ফের প্রশ্ন উঠছে বিভিন্ন মহল থেকে।

---

দক্ষিণ ২৪ পরগনার জীবনতলায় একটি বাড়ি থেকে বিপুল পরিমাণে কার্তুজ এবং আম্বেয়াস্ত্র উদ্বারের ঘটনায় ধূত ফারুক মল্লিকের ২৪ শে ফেব্রুয়ারি পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে। আজ ভোররাতে উত্তর ২৪ পরগনার বসিরহাট থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ। এর আগে জীবনতলায় আবু তালেব মোল্লা নামে এক ব্যক্তির বাড়ি থেকে উদ্বার হয় ১৯৯ রাউন্ড কার্তুজ এবং একটি টুয়েলভ বোরের দো-নলা বন্দুক।

উল্লেখ্য, এই ঘটনায় মোট ৫ জন গ্রেপ্তার হল। উদ্বার হওয়া বন্দুকটি কলকাতার বিবাদি বাগ চতুরের একটি দোকান থেকে কেনা হয়েছিল কিনা, পুলিশ তা খতিয়ে

দেখছে। দোকানের মালিক ও কর্মীদের জিজ্ঞাসাবাদের জন্য আগামীকাল তলব করেছে এসটিএফ। দোকানটিকে সিল করে দেওয়া হয়েছে।

---

তৃণমূল কংগ্রেস রাজ্যকে অস্ত্রাগারে পরিণত করেছে বলে রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। আজ বর্ধমানের তালিতে আরএসএস-এর সভায় যোগ দিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি। সরকারি অস্ত্রাগার বা পুলিশের কাছ থেকে কার্তুজ খোলা বাজারে যাচ্ছে কিনা, সেই প্রশ্ন তোলেন তিনি। রাজ্যে যেভাবে বেআইনী অস্ত্র কারবার চলছে, তার দায় পুলিশ মন্ত্রী মমতা ব্যানার্জীকে নিতে হবে বলে সুকান্ত বাবু মন্তব্য করেছেন।

## বাইট

---

রাজ্যপাল সি ভি আনন্দ বোস বাজেট অধিবেশনের প্রথম দিনে বিধানসভায় তাঁর ভাষণ নিয়ে বিরোধীদের সমালোচনা খারিজ করে দিয়েছেন। এক বিবৃতিতে রাজ্যপাল বলেন যে তার ভাষণ রাজ্য সরকারের নীতির প্রতিফলন, রাজভবনের নীতির নয়। উল্লেখ্য গত ১০ই ফেব্রুয়ারি রাজ্যপাল সি ভি আনন্দ বোসের ভাষণের পরেই, বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, বলেছিলেন যে রাজ্যপালের ভাষণ আসলে তৃণমূল কংগ্রেস এর লিখে দেওয়া বক্তব্যের সংশোধিত রূপ।

রাজ্য সরকারের সূত্র উদ্ভৃত করে সংবাদসংস্থা পিটিআই জানিয়েছে যে ৪ঠা ফেব্রুয়ারি মন্ত্রিসভার বৈঠকে রাজ্যপাল সিভি আনন্দ বোসের ভাষণ অনুমোদিত হয়। পরে তা রাজভবনে পাঠানো হয়।

---

আরএসএস এর সরসংঘচালক মোহন ভাগবত দেশকে শক্তিশালী করতে হিন্দু সমাজকে এক্যবন্ধ করার উপর জোর দিয়েছেন।  
বর্ধমানের SAI মাঠে আজ আরএসএস এর এক অনুষ্ঠানে ভাষনে তিনি বলেন, এই সম্প্রদায় অত্যন্ত দায়িত্বশীল যারা এক্যকে বৈচিত্রের মূর্ত প্রতীক হিসেবে দেখে। সংঘ দায়িত্বশীল সমাজ হিসাবে হিন্দু সমাজকে সংগঠিত করতে কাজ করছে। শ্রী ভাগবত বলেন, ভারতবর্ষ শুধুমাত্র একটি ভৌগোলিক সত্ত্বা নয়; এর নিজস্ব স্বকীয় চরিত্র রয়েছে। সমস্যা মোকাবিলায় সকলকে এগিয়ে আসতে হবে বলেও তিনি মত প্রকাশ করেন। তিনি জন সাধারণকে সংঘে যোগ দেবার আহ্বান জানিয়েছেন।

### বাইট

মোহন ভাগবতের সভা নিয়ে আমাদের জেলা সংবাদদাতার প্রতিবেদন –

### ভয়েসকাস্ট

---

রাজ্য সরকার চলতি বছরে হিমঘরে আলু মজুত এর পরিমাণ বৃদ্ধি করার সিদ্ধান্ত নিয়েছে। এই জন্য উত্তরবঙ্গে দশটি সহ ১ লক্ষ ৩৭ হাজার মেট্রিক টন আলু মজুতের ক্ষমতাসম্পন্ন মোট বারোটি নতুন হিমঘর তৈরি করা হয়েছে। আজ নবান্ন থেকে জারি করা এক বিবৃতিতে বলা হয়েছে, এর ফলে রাজ্যে হিমঘরের সংখ্যা বেড়ে ৫০৮টি হবে।

উল্লেখ্য, আগামী পয়লা মার্চ থেকে রাজ্যের হিমঘর গুলিতে আলু মজুত শুরু হবে। আগে আসার ভিত্তিতে হিমঘর গুলির মজুতের পরিমাণের তিরিশ শতাংশ ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য বরাদ্দ থাকবে বলে কৃষি বিপণন দপ্তর থেকে জারি করা বিবৃতিতে জানানো হয়েছে।

---

কলকাতার নিউ মার্কেট থানা এলাকায় দুই ব্যবসায়ীকে ধারালো অস্ত্র দিয়ে কোপানোর ঘটনায় পুলিশ আজ দুজনকে গ্রেপ্তার করেছে। ধৃত মহম্মদ জাভেদ ও মহম্মদ তারবেজকে ব্যাক্ষাল কোর্টে তোলা হলে তাদের ২৫ শে ফেব্রুয়ারি পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে।

উল্লেখ্য, গতরাতে নিউ মার্কেট থেকে বাড়ি যাওয়ার পথে প্রায় ১৫/২০ জন দুর্ক্ষুতির একটি দল রামানুজ সিং এবং মনু সিং নামে এই দুই ব্যবসায়ীর ওপর চড়াও হয়। তাদের মারধরের পাশাপাশি ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে। মনু সিং-কে ছেড়ে দেওয়া হলেও রামানুজ সিং হাসপাতালে চিকিৎসাধীন। টাকা পয়সা নিয়ে গন্ডগোলের জেরেই এই ঘটনা বলে পুলিশের অনুমান।

---

দক্ষিণ পশ্চিমী শীতল বাতাস বায়ুমন্ডলে প্রবেশ করায় দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রা সামান্য কমলেও আগামী কয়েকদিন তা ফের উর্ধ্বমুখী থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। বুধবার থেকে দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় হাঙ্কা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। উত্তরবঙ্গ ছাড়াও রাজ্যের বাকি অংশে সকালের দিকে হাঙ্কা থেকে মাঝারি কুয়াশা থাকবে।

আজ কলকাতায় সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক। সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের তুলনায় এক ডিগ্রি বেশি।

---

১৮ টি দেশের ১৯ টি ছবি নিয়ে শুরু হলো ফোরাম ফর ফিল্ম স্টাডিজ অ্যান্ড এলায়েড আর্টসের ১৩ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। আজ বিকেলে ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন এর সত্যজিৎ রায় প্রেক্ষাগৃহে এর উদ্বোধন করেন ভারতে নিযুক্ত ফিল্ম্যান্ড দূতাবাসের সচিব আইরিশ মাতা। উদ্বোধনী ছবি হিসেবে প্রদর্শিত হয় কানু ভেল পরিচালিত ভারতীয় ছবি আগ্রা। উপস্থিতি ছিলেন, আইসিসিআর এর আঞ্চলিক অধিকর্তা আর এন গোস্বামী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব শমিক বন্দ্যোপাধ্যায়, কবি শ্রীজাত প্রমুখ। উৎসব চলবে এ মাসের কুড়ি তারিখ পর্যন্ত।

---

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং যের মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে। ইস্টবেঙ্গল ১৯ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের একাদশ স্থানে আছে। ১৩ দলের লিগে সর্ব শেষ স্থানে থাকা মহামেডান স্পোর্টিং এর সমসংখ্যক ম্যাচে পয়েন্ট ১।

---